

# স্ব্যাটেজিক ফ্রেমওয়ার্ক



## Social Cohesion Guide

### Aotearoa নিউজিল্যান্ডে social cohesion

এই নথিটি Aotearoa নিউজিল্যান্ডে social cohesion-এর জন্য আমরা যে পরিণতি বা ফলাফলগুলি দেখতে চাই তার অগ্রগতি পরিমাপ করার একটি উপায় সরবরাহ করে। এই social cohesion-এর পরিণতি এগিয়ে নিয়ে গেলে আমাদের সামগ্রিক লক্ষ্য বা দৃষ্টিভঙ্গি অর্জনের বা একটি Aotearoa নিউজিল্যান্ডের কল্পনার কাছাকাছি নিয়ে যাবে যেখানে “লোকজন, পরিবার, whānau এবং সম্প্রদায়গুলি একসাথে উন্নতিলাভ করছে”।

নিম্নোক্ত পাঁচটি পরিণতির বিবরণের মাধ্যমে আমরা যে কাজটি করছি তা মূল্যায়ন করে আমরা social cohesion -কে ভাল করে এগিয়ে নিয়ে যাচ্ছি কিনা তা জানতে পারব:

1. লোকেরা, whānau এবং সম্প্রদায়গুলি সংযুক্ত এবং তারা অংশভুক্ত মনে করে
2. লোকেরা, whānau এবং সম্প্রদায়গুলি অংশ নিতে ইচ্ছুক এবং সক্ষম
3. লোকেরা, whānau এবং সম্প্রদায়গুলি অন্তর্ভুক্ত এবং তাদের পক্ষপাতশূন্যতার অভিজ্ঞতা আছে
4. লোকেরা, whānau এবং সম্প্রদায়গুলি তাদের নিজস্ব পরিচয়ের জন্য স্বীকৃত এবং অন্যদের সম্মান করে
5. লোকেরা, whānau এবং সম্প্রদায়গুলি একে অপরকে এবং সরকারী সংগঠনগুলিকে বিশ্বাস করে।

আমাদের লক্ষ্য হল আমরা যে কাজ করছি তার উপর ভিত্তি করে এই বিবৃতিগুলির প্রতিটিতে ইতিবাচক উত্তর সরবরাহ করা। এই উত্তরগুলির শক্তি আমাদের মূল কল্পনার দিকে অগ্রগতি পরিমাপ করতে সহায়তা করবে (অর্থাৎ, “লোকজন, পরিবার, whānau এবং সম্প্রদায়গুলি একসাথে উন্নতিলাভ করছে”)।

যেখানে লোকেরা বাস করে, কাজ করে, খেলাধুলা করে এবং শেখে সেগুলি আরও নিরাপদ, অন্তর্ভুক্তিমূলক এবং সহায়ক করার জন্য কাজ করে আমরা আমাদের social cohesion-এর ভাবনার দিকেও অগ্রসর হব। এর মধ্যে রয়েছে আমাদের সমাজে সিস্টেম এবং পরিষেবাগুলিকে আরও পক্ষপাতশূন্য করে তুলতে এবং বিভিন্ন চাহিদা এবং সমস্যাগুলিতে সাড়া দিতে সক্ষম করার জন্য কাজ করা।

সাফল্যের জন্য পরিকল্পনা এবং সংগঠিত করা গুরুত্বপূর্ণ, এই কারণেই আমরা ছয়টি প্রধান ক্ষেত্রে আমাদের social cohesion-এর কাজ বা কর্মকে কেন্দ্রবিন্দু করতে চাই:

1. বৈষম্য বা জাতি, বয়স, লিঙ্গ, অক্ষমতা, যৌনতা বা অন্যান্য পার্থক্যের কারণে লোকদের সাথে আলাদাভাবে আচরণ করা হচ্ছে
2. বিভিন্ন গোষ্ঠীর সংযোগ স্থাপন এবং আদানপ্রদান করার জন্য ইতিবাচক সুযোগ

3. ভোট, কর্মসংস্থান বা শিক্ষা ইত্যাদির মতো গুরুত্বপূর্ণ ক্রিয়াকলাপে অংশগ্রহণ
4. সুস্থতা এবং সুস্থতার বাধা
5. অন্তর্ভুক্তি এবং ভাগ করা মূল্যবোধ
6. ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের সমাজ ও পরিবেশ রক্ষা করা।

আমরা চাই যে এই ছয়টি ক্ষেত্রের প্রতিটিতে আমাদের social cohesion-এর কাজ বা ক্রিয়াকলাপগুলি চারটি নীতি দ্বারা পরিচালিত হোক।

1. সাহসী নেতৃত্ব এবং নতুন জিনিস চেষ্টা করে দেখার ইচ্ছা
  2. সম্প্রদায়ের আকাঙ্ক্ষা এবং চাহিদা দ্বারা পরিচালিত হওয়া
  3. নমনীয়তা এবং মানুষের মধ্যে পার্থক্য মেনে নেওয়া
  4. অন্তর্ভুক্তিমূলক তথ্য এবং গবেষণা যা বাস্তব চাহিদাগুলিকে আরও ভালভাবে প্রতিফলিত করে
- এছাড়া আমাদের কাজ বা কর্মও Te Tiritio Waitangi দ্বারা পরিচালিত হওয়া উচিত, যা Aotearoa নিউজিল্যান্ডে social cohesion কে শক্তিশালী করার জন্য একটি মজবুত ভিত।

Te Tiriti o Waitangi-কে সম্মান জানানো সম্প্রদায়ের সাথে বিশ্বাস গড়ে তুলতে আমাদের সহায়তা করবে যাতে আমরা ন্যায্যসম্পন্ন এবং ন্যায্য পরিণতি লাভের জন্য একসাথে কাজ করতে পারি, বিশেষ করে ছয়টি কেন্দ্রবিন্দু এলাকা জুড়ে।

সব মিলিয়ে, এই নথিটি সেই কৌশলটি ব্যাখ্যা করে যা Aotearoa নিউজিল্যান্ডে social cohesion-এর উপর আমাদের কাজকে পথ দেখাবে।

